

BENGALI TRANSLATION of the Department for Education statutory guidance for schools and colleges:

Keeping children safe in education 2021

Part one: Information for all school and college staff

September 2021

Find KCSIE Part 1 and also Annex A translated into 12 community languages at kcsietranslate.lgfl.net

NB this translation goes up to and includes the diagram on page 20 on the original.



Department
for Education

শিক্ষাক্ষেত্রে শিশুদের সুৰক্ষিত ৰাখা 2021

স্কুল এবং কলেজের জন্য বিধিবদ্ধ নির্দেশিকা

প্রথম ভাগ: সমস্ত স্কুল এবং কলেজ কর্মীদের জন্য তথ্য

সেপ্টেম্বর 2021

সামগ্রী

সারাংশ	3
এই নির্দেশিকা সম্পর্কে	3
প্রথম ভাগ: সমস্ত কর্মীদের জন্য সুরক্ষার তথ্য	4
স্কুল এবং কলেজের কর্মীদের কি জানা এবং করা উচিত	4
কোনও শিশুর সম্পর্কে উদ্বেগ থাকলে স্কুল এবং কলেজের কর্মীদের কি করা উচিত	13
স্কুলে বা কলেজের মধ্যে সুরক্ষা ব্যবস্থার বিষয়ে উদ্বেগ থাকলে স্কুল বা কলেজের কর্মীদের কি করা উচিত	17

সারাংশ

শিশুদের কল্যাণ রক্ষার্থে ও সুরক্ষা ব্যবস্থার জন্য দায়িত্ব পালন করার সময় ইংল্যান্ডের স্কুল এবং কলেজগুলি অবশ্যই শিক্ষাক্ষেত্রে শিশুদের নিরাপদ রাখার বিধিবদ্ধ নির্দেশিকা মেনে চলতে হবে।

স্কুল বা কলেজে কর্মরত **প্রত্যেকেই** তাদের সুরক্ষার দায়িত্ব অবশ্যই বোঝা দরকার। প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের নিশ্চিত করা উচিত, যেসব কর্মী সরাসরি শিশুদের সঙ্গে কাজ করেন তারা যেন অন্তত নির্দেশিকার প্রথম অংশ পড়ে।

প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের মধ্যে যারা তাদের উর্ধ্বতন নেতৃত্বের দল এবং বিশেষত তাদের মনোনীত সুরক্ষাভারপ্রাপ্ত নেতৃত্বের সাথে কাজ করেন, তাদেরকে নিশ্চিত করা উচিত যে যেসব কর্মী সরাসরি শিশুদের সাথে কাজ করেন না, তারা যেন পূর্ণাঙ্গ সংস্করণের প্রথম ভাগ বা পরিশিষ্ট A (প্রথম ভাগের সংক্ষিপ্ত সংস্করণ) পড়েন। এটি সম্পূর্ণরূপে স্কুল বা কলেজের বিষয় এবং শিশুদের কল্যাণ রক্ষায় এবং প্রসারে তাদের কর্মীদের জন্য কোন নির্দেশিকা সবচেয়ে কার্যকর হবে তা তাদের মূল্যায়নের ভিত্তিতে ঠিক করা হবে।

KCSIE'র সম্পূর্ণ সংস্করণ এখানে পাওয়া যাবে: [Keeping children safe in education - GOV.UK](https://www.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/672222/Keeping_Children_Safe_in_Education_-_GOV.UK.pdf)
(www.gov.uk)

এই নির্দেশিকা সম্পর্কে

আমরা এই নির্দেশিকা জুড়ে "অবশ্যই" এবং "উচিত" শব্দগুলি ব্যবহার করেছি। কোনও ব্যক্তির আইনত কিছু করার প্রয়োজন হলে আমরা তার ক্ষেত্রে "অবশ্যই" এবং উপযুক্ত কোনো কারণ না থাকলে তার ক্ষেত্রে পরামর্শ মানা উচিত বোঝাতে "উচিত" শব্দটি ব্যবহার করি।

প্রথম ভাগ: সমস্ত কর্মীদের জন্য সুবক্ষার তথ্য

স্কুল এবং কলেজের কর্মীদের কি জানা এবং করা উচিত

সুবক্ষার জন্য একটি শিশুকেন্দ্রিক ও সমন্বিত পদ্ধতি

1. স্কুল এবং কলেজ আর তাদের কর্মীরা শিশুদের বৃহত্তর সুবক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। এই ব্যবস্থার বর্ণনা Working Together to Safeguard Children (শিশুদের সুবক্ষার জন্য একসাথে কাজ করা) এর বিধিবদ্ধ নির্দেশিকাতে করা হয়েছে।
2. শিশুদের কল্যাণ রক্ষা ও প্রসার করা প্রত্যেকেরই দায়িত্ব। প্রত্যেকে যারা শিশু এবং তাদের পরিবারের সংস্পর্শে আছেন, তাদের ভূমিকা রয়েছে। এই দায়িত্বটি কার্যকরীভাবে সম্পন্ন করার জন্য, সমস্ত অনুশীলনকারীদের নিশ্চিত করা উচিত যে তাদের পদ্ধতি যেন শিশুকেন্দ্রিক হয়। এর মানে হল তাদের সবসময় শিশুটির সেবা স্বার্থের কথা বিবেচনা করা উচিত।
3. কোনও একক অনুশীলনকারীর পক্ষে একটি শিশুর সমস্ত প্রয়োজন ও পরিস্থিতির দিকে নজর দেওয়া সম্ভব নয়। শিশু এবং পরিবারগুলিকে সঠিক সময়ে সঠিক সহায়তা দিতে চাইলে, যারা তাদের সংস্পর্শে আছেন, তাদের প্রত্যেককে উদ্বিগ্ন শনাক্ত করার, তথ্য জানানোর এবং অবিলম্বে পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে ভূমিকা পালন করতে হবে।
4. শিশুদের কল্যাণ রক্ষা ও প্রসার করার এই নির্দেশিকার উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়গুলি সংজ্ঞায়িত করা হয়েছে:
 - দুর্ব্যবহার হতে শিশুদের রক্ষা;
 - শিশুদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য বা বিকাশের প্রতিবন্ধকতা প্রতিরোধ;
 - নিরাপদ ও কার্যকরী পরিচর্যার বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিস্থিতিতে শিশুদের বড় হয়ে ওঠা নিশ্চিত করা; এবং
 - সেবা ফলাফল পেতে সমস্ত শিশুদের সক্ষম করার পদক্ষেপ গ্রহণ।
5. শিশু বলতে 18 বছরের কম বয়সী প্রত্যেকে অন্তর্ভুক্ত।

স্কুল এবং কলেজের কর্মীদের ভূমিকা

6. স্কুল এবং কলেজের কর্মীরা যেহেতু শীঘ্র উদ্বিগ্ন শনাক্ত করতে পারেন, শিশুদের সহায়তা প্রদান, শিশুদের কল্যাণের প্রসার এবং উদ্বিগ্ন যাতে না বাড়ে তার ব্যবস্থা নিতে পারেন সেহেতু তাদের ভূমিকা গুরুত্বপূর্ণ।
7. শিশুদের জন্য সুবক্ষিত শিক্ষার পরিবেশ গড়ে তোলা সকল কর্মচারীদেরই দায়িত্বের মধ্যে পড়ে।

8. **সকল** কর্মচারীদেরই সেই সব শিশুদের চিহ্নিত করার জন্য প্রস্তুত থাকা উচিত, যারা সময় থাকতে সাহায্য পেলে উপকৃত হতে পারে।¹ প্রাথমিক সাহায্য বলতে স্বল্প বয়স থেকে শুরু করে টিনেজ পর্যন্ত শিশুদের জীবনে যে কোন সময়ে কোন সমস্যা উদ্ভূত হওয়া মাত্র সহায়তা প্রদান করা বোঝায়।

9. **কোনও কর্মী সদস্য** যার শিশুদের কল্যাণ সম্পর্কে **কোনও** উদ্বেগ রয়েছে তার 5570 অনুচ্ছেদে উল্লিখিত প্রক্রিয়াগুলি অনুসরণ করা উচিত। কর্মীদের যে কোন রেফারেল অনুসারে সমাজকর্মীদের এবং অন্যান্য সংস্থাকে সহায়তা করা উচিত।

10. প্রত্যেক স্কুল এবং কলেজের নির্দিষ্ট সুরক্ষাপ্রধান থাকা উচিত যিনি কর্মীদের সুরক্ষা সংক্রান্ত কর্তব্যগুলি পালনের জন্য তাদের সহায়তা করবেন এবং যিনি শিশুদের সামাজিক পরিচর্যা বিভাগের মতো অন্য পরিষেবাগুলির সাথে ঘনিষ্ঠভাবে যোগাযোগ রাখবেন।

11. এই মনোনীত সুরক্ষাপ্রধান (এবং কোন ডেপুটি) সম্ভবত সুরক্ষার সম্পূর্ণ বিষয়টি বুঝবেন এবং সুরক্ষা সংক্রান্ত উদ্বেগে প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে তিনি সর্বোপযুক্ত ব্যক্তি হবেন।

12. শিক্ষকদের মান 2012-তে বলা হয়েছে যে শিক্ষকরা (যার মধ্যে প্রধান শিক্ষকেরাও অন্তর্ভুক্ত) তাদের পেশাগত কর্তব্যের অঙ্গ হিসেবে শিশুদের কল্যাণ রক্ষা করবে এবং শিক্ষার পেশায় জনসাধারণের আস্থা বজায় রাখবে।²

স্কুল এবং কলেজের কর্মীদের যা জানা দরকার

13. স্কুল বা কলেজের মধ্যে যে সিস্টেমগুলি সুরক্ষা ব্যবস্থায় সহায়তা করার জন্য আছে **সমস্ত** কর্মীদের সে সম্পর্কে সচেতন থাকা উচিত এবং কর্মীদের ভূমিকার অংশ হিসেবে তাদের কাছে এগুলি ব্যাখ্যা করা উচিত। এর মধ্যে:

- শিশু সুরক্ষা নীতি যাতে অন্যান্য বিষয়ের মধ্যে সহপাঠীদের সাথে অপব্যবহারের ক্ষেত্রে সেসব সামলানোর নীতি এবং প্রক্রিয়াও অন্তর্ভুক্ত করা উচিত;
- আচরণ নীতি (যার মধ্যে শাসানি প্রতিরোধের ব্যবস্থা অন্তর্ভুক্ত করা উচিত, তাতে সাইবার শাসানি, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক শাসানিও রয়েছে);³
- কর্মীদের আচরণ নীতি (অনেক সময় আচরণবিধি বলা হয়);
- শিক্ষা থেকে দূরে সরে যাওয়া শিশুদের ক্ষেত্রে সুরক্ষামূলক প্রতিক্রিয়া; এবং
- মনোনীত সুরক্ষাপ্রধানের ভূমিকা (মনোনীত সুরক্ষাপ্রধানের এবং যে কোন ডেপুটির পরিচয় সহ)।

¹ প্রাথমিক সাহায্যের বিস্তারিত তথ্য [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) অধ্যায় 1-এ রয়েছে।

² [Teachers' Standards \(শিক্ষকদের মান\)](#) এদের ক্ষেত্রে প্রযোজ্য: QTS এর জন্য কর্মরত প্রশিক্ষণকারী; সমস্ত শিক্ষক যারা তাদের বিধিবদ্ধ ইন্ডাকশন সময়সীমা সম্পূর্ণ করেছেন (নবীন যোগ্যতাপ্রাপ্ত শিক্ষক [NQT]); এবং রক্ষণাবেক্ষণাধীন স্কুল ও রক্ষণাবেক্ষণাধীন বিশেষ স্কুল সহ যে শিক্ষকেরা শিক্ষা (স্কুল শিক্ষকদের অ্যাপ্রাইজাল) (ইংল্যান্ড) বিধি 2012 এর আওতায় পড়েন।

³ সমস্ত স্কুলের আচরণ নীতি থাকা প্রয়োজন (সম্পূর্ণ বিবরণ here (এখানে) আছে)। কোন কলেজ আচরণ নীতি রাখতে চাইলে তা উপরের বর্ণনা অনুযায়ী কর্মীদের প্রদান করা উচিত।

নীতিমালার অনুলিপি এবং এই নথির প্রথম ভাগের একটি অনুলিপি (অথবা উপযুক্ত মনে হলে পরিশিষ্ট A) ভর্তির সময় **সমস্ত** কর্মীদের দেওয়া উচিত।

14. **সমস্ত** কর্মীদের ভর্তির সময় যথাযথ সুরক্ষাব্যবস্থা এবং শিশু সুরক্ষার প্রশিক্ষণ (অনলাইন নিরাপত্তা সহ) দেওয়া উচিত। এই প্রশিক্ষণ নিয়মিত আপডেট করা উচিত। তাছাড়া, সমস্ত কর্মীদের কার্যকরীভাবে শিশুদের সুরক্ষা (অনলাইন নিরাপত্তা সহ) করার জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞান প্রদানের জন্য, প্রয়োজন মত এবং অন্তত প্রতি বছর, সুরক্ষা ব্যবস্থা এবং শিশু সুরক্ষার আপডেট (উদাহরণস্বরূপ, ইমেইল, ই-বুলেটিন এবং কর্মীদের মিটিং এর মাধ্যমে) পাওয়া উচিত।

15. **সকল** কর্মীদের তাদের প্রাথমিক সাহায্যের⁴ প্রক্রিয়া সম্পর্কে সচেতন হওয়া এবং এতে তাদের ভূমিকা কি তা বোঝা উচিত।

16. **সকল** কর্মীদের শিশুদের সামাজিক পরিচর্যা বিভাগের রেফারেল এবং শিশু আইন 1989 এর অধীনে বিধিবদ্ধ মূল্যায়নগুলি সম্পর্কে, বিশেষত ধারা 17 (অসহায় শিশু) এবং ধারা 47 (এমন শিশু যার গুরুতর ক্ষতি হয়েছে অথবা ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে) যা একটি রেফারেল অনুসরণ করে করা হয় সে সম্পর্কে, এবং ঐ মূল্যায়নগুলির ক্ষেত্রে তাদের কাছ থেকে যে ভূমিকা প্রত্যাশা করা হয় সে সম্পর্কে সচেতন থাকা উচিত।⁵

17. কোন শিশু তার সাথে লাঞ্ছনা, নিপীড়ন বা অবহেলা করা হচ্ছে বলে জানালে কি করণীয় তা **সকল** কর্মীদের জানা উচিত। গোপনীয়তার যথাযথ মাত্রা বজায় রাখতে প্রয়োজনীয় বিষয়গুলি কিভাবে পরিচালনা করবেন কর্মীদের তা অবশ্যই জানা উচিত। এর অর্থ শুধু তাদের জড়িত রাখা যাদেরকে জড়ানো দরকার, যেমন মনোনীত সুরক্ষা প্রধান (বা একজন ডেপুটি) এবং শিশুদের সামাজিক পরিচর্যার আধিকারিক। কর্মীর কখনই শিশুকে প্রতিশ্রুতি দেওয়া উচিত নয় যে তিনি কাউকে কোনো রকম লাঞ্ছনার কথা বলবেন না, কারণ তা ঐ শিশুর সেরা স্বার্থে নাও হতে পারে।

18. সমস্ত কর্মীদের ভুক্তভোগীদের আশ্বস্ত করতে পারা উচিত যে তাদের কথায় গুরুত্ব দেওয়া হচ্ছে এবং তাদের সমর্থন করা এবং নিরাপদ রাখা হবে। ভুক্তভোগীকে কখনই এমন ধারণা দেওয়া উচিত নয় যে তারা লাঞ্ছনা, যৌন হিংসা বা যৌন হেনস্থার কথা রিপোর্ট করে কোনো সমস্যা তৈরি করছে। রিপোর্ট করার জন্য কোনো ভুক্তভোগীকে কখনোই লজ্জিত বোধ করানো উচিত নয়।

স্কুল এবং কলেজের কর্মীদের কিসের সন্ধান করা উচিত

শীঘ্র সাহায্য

19. **যে কোন** শিশু শীঘ্র সাহায্য থেকে উপকৃত হতে পারে, তবে সমস্ত স্কুল এবং কলেজের কর্মীরা বিশেষ করে এমন শিশুর শীঘ্র সাহায্যের সম্ভাব্য প্রয়োজনীয়তার বিষয়ে সতর্ক থাকা উচিত যে:

- অক্ষম বা নির্দিষ্ট কোনো স্বাস্থ্যের সমস্যা আছে এবং কিছু অতিরিক্ত চাহিদাও রয়েছে;
- যার বিশেষ শিক্ষাগত চাহিদা আছে (তাদের বিধিবদ্ধ শিক্ষা, স্বাস্থ্য ও পরিচর্যা পরিকল্পনা থাকুক আর নাই থাকুক);

⁴ প্রাথমিক সাহায্যের বিস্তারিত তথ্য [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) অধ্যায় 1-এ রয়েছে।

⁵ বিধিবদ্ধ মূল্যায়নগুলি সম্পর্কে বিশদ তথ্য [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) এর অধ্যায় 1-এ রয়েছে।

- যার মানসিক স্বাস্থ্যের খেয়াল রাখা দরকার;
- যে অল্প বয়সে কারও দেখাশোনা করে;
- যে অপরাধীদলে জড়িত হওয়া এবং সংগঠিত অপরাধ বা অসামাজিক দল ও মাদক পাচার গোষ্ঠীসহ, অসামাজিক বা অপরাধের পথে যাওয়ার লক্ষণ দেখায়;
- যে প্রায়শই পরিচর্যার স্থান বা বাড়িতে থাকে না/ না জানিয়ে চলে যায়;
- যে আধুনিক দাসত্ব, পাচার বা যৌন বা অপরাধমূলক শোষণের ঝুঁকিতে আছে;
- যার মৌলবাদের বা শোষণের শিকার হওয়ার ঝুঁকি আছে;
- যার পরিবারের কেউ কারণে আছে অথবা যার প্রতি মা-বাবার আচরণ আপত্তিকর;
- যে শিশু সমস্যাশীর্ণ কোন পারিবারিক পরিস্থিতিতে, যেমন মাদক ও মদের অপব্যবহার, প্রাপ্তবয়স্ক মানসিক স্বাস্থ্যগত সমস্যা এবং পারিবারিক লাঞ্ছনা ইত্যাদির মধ্যে রয়েছে;
- যারা নিজেরাই মাদক বা মদের অপব্যবহার করে;
- পরিচর্যার স্থান থেকে তাদের পরিবারের কাছে বাড়িতে ফিরে গেছে;
- যার নারীর যৌনাঙ্গচ্ছেদ বা বলপূর্বক বিবাহের মতো 'সম্মান' ভিত্তিক নির্যাতনের ঝুঁকি রয়েছে;
- যাকে আলাদা রেখে লালনপালন করা হয়েছে এবং
- যে দিনের পর দিন স্কুলের দিনে কিছু সময় অনুপস্থিত থাকা সমেত শিক্ষায় ক্রমাগত অনুপস্থিত থাকে।

লাঞ্ছনা এবং অবহেলা

20. **সকল** কর্মীদের লাঞ্ছনা এবং অবহেলার আভাস সম্পর্কে সজাগ হওয়া উচিত। সকল কর্মীদের লাঞ্ছনা এবং অবহেলা আগে থেকেই চিনতে পারা (অনুচ্ছেদ 26-30 দেখুন) এবং শিশুর অপরাধমূলক শোষণ আর শিশুর যৌন শোষণের মতো নির্দিষ্ট সুরক্ষামূলক বিষয়ের (অনুচ্ছেদ দেখুন 32-39 দেখুন) আভাস সম্পর্কে সচেতন থাকা উচিত যাতে তারা সাহায্যের বা সুরক্ষার প্রয়োজন এমন শিশুদের শনাক্ত করতে পারেন।

21. কর্মীরা নিশ্চিত হতে না পারলে, তাদের **সবসময়** মনোনীত সুরক্ষাপ্রধানের বা ডেপুটির সাথে কথা বলা উচিত।

22. **সমস্ত** স্কুল এবং কলেজের কর্মীদের এই বিষয়ে সচেতন হওয়া উচিত যে লাঞ্ছনা, অবহেলা এবং সুরক্ষাব্যবস্থার সমস্যায় ঘটা ঘটনা সাধারণত পৃথকভাবে হয় না এবং একটা কোনো সংজ্ঞা বা লেবেলে ফেলা যায়। বেশিরভাগ ক্ষেত্রে, একাধিক বিষয় একে অপরের সাথে মিশে থাকে, তাই কর্মীদের সবসময় সজাগ থেকে তাদের মনোনীত সুরক্ষাপ্রধানকে (বা ডেপুটিকে) যে কোনও চিন্তার কথা জানানো উচিত।

23. **সকল** কর্মীদের জানা উচিত যে সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত ঘটনা এবং/বা আচরণগুলি স্কুল বা কলেজের বাইরে কোন কিছুর সাথে যুক্ত হতে পারে এবং/অথবা এই পরিবেশের বাইরেও ঘটতে পারে। **সকল** কর্মী, বিশেষত মনোনীত সুরক্ষা প্রধানদের (এবং ডেপুটি) বিবেচনা করা উচিত যে শিশুরা তাদের পরিবারের বাইরের পরিস্থিতিতে নির্যাতন বা শোষণের ঝুঁকিতে রয়েছে কিনা। পরিবারের বাইরে হওয়া ক্ষতি বিভিন্ন ধরনের রূপ নেয় এবং শিশুরা যৌনশোষণ, অপরাধমূলক শোষণ, যৌন হেনস্থা, তরুণদের দ্বারা গুরুতর হিংসা এবং মাদক দ্রব্য পাচার সহ (তবে এতেই সীমিত নয়) একাধিক ক্ষতির শিকার হতে পারে।

24. **সমস্তু** কর্মীদের সচেতন থাকা উচিত যে প্রযুক্তি অনেক ক্ষেত্রেই সুরক্ষা এবং সুস্থতার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পাথেয়। শিশুদের অনলাইনের পাশাপাশি সামনাসামনিও লাঞ্চার ঝুঁকি থাকে। অনেক ক্ষেত্রে অনলাইনের পাশাপাশি দৈনন্দিন জীবনে একসঙ্গে লাঞ্চার ঘটনা ঘটে। শিশুরা তাদের সমবয়সীদের অনলাইনেও লাঞ্চার করতে পারে, সে ক্ষেত্রে গালাগাল, হেনস্থা এবং বিশেষ করে চ্যাট গ্রুপে নারীবিদ্বেষী বার্তা পাঠানো, বিশেষ করে চ্যাট গ্রুপে সম্মতি ছাড়া অশালীন ছবি ভাগ করা হতে পারে, আর কেউ না চাইলেও তাকে অপমানজনক ছবি এবং পর্নোগ্রাফি ভাগ করা হতে পারে।

25. কোনো ক্ষেত্রে কর্মীরা নিশ্চিত না হলে, তাদের সবসময় মনোনীত সুরক্ষাপ্রধানের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

লাঞ্চার এবং অবহেলার আভাস

26. **লাঞ্চার:** শিশুর প্রতি এক প্রকার দুর্ব্যবহার। কেউ শিশুর ক্ষতি করে বা ক্ষতি প্রতিরোধ না করার মাধ্যমে তাকে লাঞ্চার বা উপেক্ষা করতে পারে। শিশুরা তাদের পরিবারে বা প্রাতিষ্ঠানিক বা সম্প্রদায়ের ব্যবস্থায়, তাদের পরিচিত, বা বিরল ক্ষেত্রে, অপরিচিতদের দ্বারা লাঞ্চিত হতে পারে। লাঞ্চার পুরোপুরি অনলাইনেও হতে পারে, অথবা অফলাইনে লাঞ্চার করতে প্রযুক্তি ব্যবহার করা হতে পারে। শিশুরা প্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্কদের দ্বারা বা অন্য কোন শিশু বা শিশুদের দ্বারা লাঞ্চিত হতে পারে।

27. **শারীরিক লাঞ্চার:** অপব্যবহারের এমন এক রূপ যা মারা, ঝাঁকানো, আছাড় মারা, বিষ খাওয়ানো, পোড়ানো বা জ্বালানো, ডোবানো, শ্বাসরোধ করা বা অন্য কোনভাবে শিশুর শারীরিক ক্ষতি করে। কোন মা-বাবা বা পরিচর্যাকারী শিশুর অসুখের মিথ্যা কথা জানালে, বা ইচ্ছাকৃতভাবে তাকে অসুস্থ করলে তার ফলেও শারীরিক ক্ষতি হতে পারে।

28. **মানসিক লাঞ্চার:** শিশুর প্রতি অনবরত আবেগজনিত দুর্ব্যবহার করা যার ফলে তার আবেগজনিত বিকাশে গুরুতর এবং প্রতিকূল প্রভাব পড়ে। এর মধ্যে শিশুকে অকর্মণ্য বোধ করানো বা ভালবাসা থেকে বঞ্চিত করা, অপরিষ্কার বোধ করানো, বা শুধু যতক্ষণ অন্যের প্রয়োজন মেটায় ততক্ষণই তাদের মূল্য আছে তাদের এমন ধারণা দেওয়া থাকতে পারে। এতে শিশুদের তাদের মতামত প্রকাশের সুযোগ না দেওয়া, ইচ্ছাকৃতভাবে তাদের চুপ করানো বা তারা যা বলে বা যেভাবে বলে সে সম্পর্কে 'তাকে নিয়ে হাসি ঠাট্টা করা' অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে থাকতে পারে শিশুদের উপর বয়সের বা বিকাশকালের অনুপযুক্ত প্রত্যাশা চাপানো। এর মধ্যে কোন শিশুর বিকাশের ক্ষমতার বাইরের আলাপচারিতায় তাকে সামিল করা, তাকে অতিরিক্ত আগলে রাখা এবং বিভিন্ন জিনিস অনুসন্ধান করা ও শিক্ষার ক্ষেত্রে তাকে সীমাবদ্ধ করে রাখা বা স্বাভাবিক সামাজিক আলাপচারিতায় তাকে অংশ নিতে না দেওয়াও থাকতে পারে। এর মধ্যে অন্যের প্রতি খারাপ ব্যবহার দেখা বা শোনাও অন্তর্ভুক্ত থাকতে পারে। এতে গুরুতর বুলিং (সাইবারবুলিং সহ) জড়িত থাকতে পারে, যার ফলে শিশুরা প্রায়শই ভীত বা বিপদে পড়েছে বলে অনুভব করে, বা যার ফলে শিশুদের শোষণ বা দুর্ভোগের সম্মুখীন হতে হয়। কিছু স্তরের মানসিক লাঞ্চার শিশুদের সর্বকম দুর্ব্যবহারেই জড়িয়ে থাকে, যদিও তা পৃথকভাবেও হতে পারে।

29. **যৌন লাঞ্চার:** যৌন কার্যকলাপে অংশ নেওয়ার জন্য শিশু বা অল্পবয়সী কাউকে জোর বা প্রলুব্ধ করা, এটা খুব একটা হিংস্র ব্যবহার নাও হতে পারে, শিশু কি ঘটছে তা বুঝুক আর নাই বুঝুক সেসব নির্বিশেষে এমন করা হয়। এইসব কাজের মধ্যে কোন কিছু ভিতরে ঢুকিয়ে নির্যাতনের (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা মৌখিক যৌনসঙ্গম) মত শারীরিক সংস্পর্শ বা হস্তমৈথুন, চুম্বন, ঘষা এবং কাপড়ের বাইরে স্পর্শ করার মতো কিছু না ঢোকানোর মত কাজও অন্তর্ভুক্ত থাকতে পারে। সেগুলির মধ্যে স্পর্শ শূন্য কাজ, যেমন শিশুদের যৌন ছবি বা যৌন কার্যকলাপ দেখানো বা ঐসব কাজে জড়িত করা, শিশুদের অনাকাঙ্ক্ষিত যৌনাচরণে উৎসাহিত করা, বা লাঞ্চার প্রস্তুতি হিসেবে কোন শিশুকে শেখানোও থাকতে পারে। যৌন লাঞ্চার অনলাইনেও হতে পারে, এবং অফলাইনে লাঞ্চার করতে প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে। যৌন নির্যাতন শুধু প্রাপ্তবয়স্ক পুরুষেরা করে তা নয়। মহিলারাও যৌন লাঞ্চার করতে পারে, আর অন্য শিশুরাও পারে। শিক্ষাজগতে অন্য শিশুদের মাধ্যমে শিশুদের যৌন নির্যাতনও একটি নির্দিষ্ট সুরক্ষামূলক সমস্যার মধ্যে পড়ে (সমবয়সী দ্বারা লাঞ্চারও

বলে) এবং সমস্ত কর্মীদের এ সম্পর্কে আর তাদের স্কুল বা কলেজের নীতি এবং এটি মোকাবিলার পদ্ধতি সম্পর্কে সচেতন থাকা উচিত, (অনুচ্ছেদ 49 দেখুন)।

30. **অবহেলা:** শিশুর মৌলিক শারীরিক এবং/অথবা মানসিক চাহিদা পূরণে অবিরাম ব্যর্থতা, যার কারণে সাধারণত শিশুর স্বাস্থ্য বা বিকাশের গুরুতর ক্ষতি হয়। অবহেলা গর্ভাবস্থাতে ঘটতে পারে, উদাহরণস্বরূপ, মায়েদের মাদক পদার্থ ব্যবহারের ফলে। শিশু জন্মের পরে, মা-বাবা বা পরিচর্যাকারীর এইগুলি দিতে ব্যর্থতা: পর্যাপ্ত খাবার, পোশাক এবং আশ্রয় (বাড়ি থেকে বের করে বা তাড়িয়ে দেওয়া সমেত) দেওয়া; শারীরিক ও আবেগজনিত ক্ষতি বা বিপদ থেকে শিশুর রক্ষা করা; যথাযথ তত্ত্বাবধান নিশ্চিত করা (অপর্যাপ্ত পরিচর্যাকারী রাখা সমেত); অথবা উপযুক্ত চিকিৎসা সেবা বা চিকিৎসা নিশ্চিত করায় ব্যর্থ হওয়ার কারণে অবহেলিত হতে পারে। এর মধ্যে কোন শিশুর মৌলিক আবেগজনিত চাহিদার অবহেলা করা, বা পরোয়া না করাও অন্তর্ভুক্ত হতে পারে।

সুরক্ষা সংক্রান্ত সমস্যা

31. **সমস্ত** কর্মীদের এমন সুরক্ষা সংক্রান্ত সমস্যা সম্পর্কে সচেতন থাকা উচিত যেখানে শিশুদের ক্ষতির ঝুঁকি থাকতে পারে। মাদক গ্রহণ, ও বা অ্যালকোহলের অপব্যবহার, ইচ্ছাকৃতভাবে শিক্ষায় ফাঁকি এবং নগ্ন বা অর্ধনগ্ন ছবি এবং/অথবা ভিডিও⁶ সম্মতি নিয়ে এবং বিনা সম্মতিতে ভাগ করার মত বিষয়ের সাথে যুক্ত আচরণও শিশুদের বিপদে থাকার লক্ষণ। সুরক্ষার অন্যান্য যেসব বিষয় সমস্ত কর্মীদের খেয়াল রাখা উচিত তাতে আছে:

শিশু যৌন শোষণ (CSE) এবং শিশুদের অপরাধমূলক শোষণ (CCE)

32. CSE এবং CCE উভয়ই এমন লাঞ্চার ঘটনা যেখানে কেউ বা কোনো দল অসম ক্ষমতার সুযোগ নিয়ে কোনো শিশুকে তার কোনো চাহিদা বা আকাঙ্ক্ষা পূরণের এবং/অথবা আর্থিক সুবিধা দেওয়ার পরিবর্তে কিম্বা অপরাধী বা শিকারীর মর্যাদা বৃদ্ধির মর্মে এবং/অথবা হিংসার মাধ্যমে বা হিংসাত্মক কিছু করার হুমকি দেওয়ার মাধ্যমে তাকে জোর করে, বিপথে চালিত করে বা ঠকিয়ে যৌন বা অপরাধমূলক ক্রিয়াকলাপে অংশ নেওয়ায়। CSE এবং CCE ছেলেমেয়ে উভয় শিশুদেরই প্রভাবিত করতে পারে এবং শোষণের উদ্দেশ্যে যেসব শিশুকে ওঠানো হয়েছে (একে সাধারণত পাচার বলে) তারাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

শিশুদের অপরাধমূলক শোষণ(CCE)

33. CCE'র কিছু নির্দিষ্ট প্রকারের মধ্যে শিশুদের বিপথে চালিত করে বা জোর করে মাদক পাচারচক্রের মাধ্যমে মাদক বা অর্থ নিয়ে যাওয়ার কাজ করানো, গাঁজার কারখানায় কাজ করানো, দোকানলুট বা পকেটমারি করানো অন্তর্ভুক্ত হতে পারে। বিপথে চালিত করে বা জোর করে তাদেরকে দিয়ে গাড়ি সংক্রান্ত নানা অপরাধ অথবা অন্যদেরকে হুমকি/অন্যদের প্রতি গুরুতর হিংসাত্মক কিছু করানো হতে পারে।

34. শিশুরা এই ধরনের শোষণে আটকে পড়তে পারে কারণ অপরাধীরা ভুক্তভোগীদেরকে (এবং তাদের পরিবারকে) হিংসাত্মক কোনো হুমকি দিতে পারে, অথবা তাদের দেনার ফাঁদে ফেলতে পারে

⁶ সম্মতি নিয়ে ছবি ভাগ করলে, বিশেষত তা একই বয়সের বড় শিশুদের মধ্যে হলে ভিন্ন প্রতিক্রিয়ার প্রয়োজন হতে পারে। এটি লাঞ্ছনা নাও হতে পারে- কিন্তু শিশুদের জেনে রাখা দরকার যে তা অবৈধ- আর সম্মতি না থাকলে তা অবৈধ এবং লাঞ্ছনাকর।

[UKCIS](#) নগ্ন এবং অর্ধনগ্ন ছবি এবং ভিডিও ভাগ করার বিষয়ে বিশদে পরামর্শ দেয়।

বা ফাঁদে পড়তে বাধ্য করতে পারে। অন্যরা যাতে ক্ষতি করতে না পারে তাই আত্মরক্ষার জন্য তারা ছুরির মত কোনো অস্ত্র সঙ্গে রাখতে পারে বা তাদের রাখতে বাধ্য করা হতে পারে। অপরাধমূলক শোষণের সাথে জড়িত শিশুরা প্রায়শই নিজেরা অপরাধ করলেও, ভুক্তভোগী হিসেবে তাদের দুর্বলতার দিকটা সবসময় প্রাপ্তবয়স্ক এবং পেশাদাররা (বিশেষ করে বড় শিশুদের ক্ষেত্রে) দেখেন না এবং তাদের নিজের ক্ষতি হলেও তাদেরকে ভুক্তভোগী হিসাবে গণ্য করা হয় না। এমনকি কোনো কাজে তাদের সম্মতি বা সায় রয়েছে মনে হলেও তা অপরাধমূলক শোষণ হতে পারে।

35. মনে রাখা দরকার যে যেসব মেয়েরা অপরাধমূলক শোষণের শিকার হয় তাদের অভিজ্ঞতা ছেলেদের থেকে অনেকটাই আলাদা হতে পারে। সব লক্ষণ এক নাও হতে পারে, তবে পেশাদারদের মাথায় থাকা উচিত যে মেয়েদেরও অপরাধমূলক শোষণের ঝুঁকি রয়েছে। এটাও খেয়াল রাখা দরকার যে ছেলে-মেয়ে উভয়ই অপরাধমূলক শোষণের শিকার হলে তাদের যৌন শোষণের শিকার হওয়ার ঝুঁকি বেশি থাকে।

CCE'র নানা সংজ্ঞা এবং লক্ষণ সহ আরও তথ্য পরিশিষ্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

শিশুদের যৌন শোষণ (CSE)

36. CSE শিশুদের যৌন শোষণের প্রকারভেদ। যৌন কাজের মধ্যে কোন কিছু ভিতরে ঢুকিয়ে নির্যাতনের (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা মৌখিক যৌনসঙ্গম) মত শারীরিক সংস্পর্শ বা হস্তমৈথুন, চুম্বন, ঘষা এবং কাপড়ের বাইরে স্পর্শ করার মতো কিছু না ঢোকানোর মত কাজও অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে স্পর্শ বিহীন কাজ, যেমন শিশুদের যৌন ছবি বা যৌন কার্যকলাপ দেখতে বাধ্য করা বা ঐসব যৌন ছবি তৈরির কাজে জড়ানো, শিশুদের অনাকাঙ্ক্ষিত যৌনাচরণে উৎসাহিত করা বা ইন্টারনেটের মাধ্যম সমেত, লাঞ্চার মহড়া হিসেবে কোন শিশুকে কিছু শেখানোও অন্তর্ভুক্ত থাকতে পারে।

37. CSE বারবার বা একবার ঘটতে পারে এবং শিশুর তাৎক্ষণিক জ্ঞান ছাড়াই ঘটতে পারে, যেমন অন্যরা সমাজ মাধ্যমে তাদের ভিডিও বা ছবি দিতে পারে।

38. CSE এমন যে কোনও শিশুর সাথে হতে পারে, যাকে যৌন কাজে জড়াতে বাধ্য করা হয়েছে। এর মধ্যে রয়েছে 16 এবং 17 বছর বয়সীরাও রয়েছে যারা আইনত যৌনসঙ্গমে সম্মতি দিতে পারে। কিছু শিশু হয়তো বুঝতেও পারে না যে তারা শোষিত হচ্ছে, হয়তো তারা বিশ্বাস করে যে তারা সত্যিই রোমান্টিক সম্পর্কে রয়েছে।

39. CSE'র নানা সংজ্ঞা এবং লক্ষণ সহ আরও তথ্য পরিশিষ্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

স্ত্রী যৌনাঙ্গ ছেদন (FGM)

40. স্ত্রী যৌনাঙ্গ ছেদন (FGM) সম্পর্কে কোন উদ্বেগের বিষয়ে সকল কর্মীদের মনোনীত সুরক্ষাপ্রধানকে (বা ডেপুটিকে) জানানো উচিত, শিক্ষকদের উপরেও নির্দিষ্ট আইনি দায়িত্ব

রয়েছে।⁷ কোন শিক্ষক তাদের পেশায় কর্মরতকালে যদি মনে করেন যে কোন 18 বছরের কম বয়সী মেয়ের FGM করা হয়েছে, তাহলে শিক্ষককে **অবশ্যই** পুলিশের কাছে তার রিপোর্ট করতে হবে। আরও বিস্তারিত জানার জন্য পরিশিষ্ট দেখুন।

মানসিক স্বাস্থ্য

41. **সমস্ত** কর্মীদের এ বিষয়ে সচেতন থাকা উচিত যে মানসিক স্বাস্থ্য সমস্যাগুলি, কিছু ক্ষেত্রে, কোনও শিশু যে নির্যাতন, অবহেলা বা শোষণের শিকার হয়েছে বা ঝুঁকিতে রয়েছে তার একটি লক্ষণ হতে পারে।
42. মানসিক স্বাস্থ্য সমস্যা নির্ণয়ের জন্য কেবল উপযুক্ত প্রশিক্ষিত ব্যক্তিদেরই চেষ্টা করা উচিত। অবশ্য শিশুদের প্রতিদিন পর্যবেক্ষণ করার জন্য এবং যাদের আচরণ থেকে বোঝা যায় যে তারা কোনও মানসিক স্বাস্থ্য সমস্যা ভুগতে পারে বা তাদের মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হওয়ার ঝুঁকি থাকতে পারে তাদের প্রত্যক্ষ করার উপযুক্ত জায়গায় শিক্ষাকর্মীরা আছেন।
43. শিশুরা যেখানে লাঞ্ছনা এবং অবহেলা, বা অন্যান্য সম্ভাব্য আঘাতজনিত প্রতিকূল শৈশব অভিজ্ঞতার মুখোমুখি হয়েছে, তাদের শৈশবকালে, কৈশোরে এবং যৌবনে এর স্থায়ী প্রভাব পড়তে পারে। এই শিশুদের অভিজ্ঞতা কীভাবে তাদের মানসিক স্বাস্থ্য, আচরণ এবং শিক্ষায় প্রভাব ফেলতে পারে সে সম্পর্কে কর্মীদের সচেতন থাকা বিশেষ জরুরী।
44. অতিরিক্ত মানসিক স্বাস্থ্যজনিত সহায়তার প্রয়োজন এমন শিশুদের শনাক্ত করতে, স্কুল ও কলেজ বিভিন্ন পরামর্শ পেতে পারে, এর মধ্যে বাইরের সংস্থার সাথে কাজ করাও অন্তর্ভুক্ত। [mental health and behaviour in schools guidance \(স্কুলের নির্দেশিকায় মানসিক স্বাস্থ্য এবং আচরণ\)](#) এ আরও তথ্য পাওয়া যাবে, কলেজগুলিও এই নির্দেশিকা সর্বোত্তম পন্থা হিসাবে অনুসরণ করতে পারে। পাবলিক হেল্থ ইংল্যান্ড শিশুদের মধ্যে ইতিবাচক স্বাস্থ্য, সুস্থতা এবং সহনশীলতা বৃদ্ধির জন্য সেকেন্ডারি স্কুল শিক্ষকদের সাহায্যার্থে বিভিন্ন রিসোর্স তৈরি করেছে। সমস্ত উপকরণ এবং পাঠ্য পরিকল্পনার লিঙ্কগুলির জন্য [Rise Above \(উপরে উঠুন\)](#) দেখুন।
45. কর্মীদের যদি কোনও শিশুর সম্পর্কে মানসিক স্বাস্থ্যজনিত উদ্বেগ থাকে যা একটি সুরক্ষাজনিত উদ্বেগও বটে, তাদের শিশু সুরক্ষা নীতি অনুসরণ করে এবং মনোনীত সুরক্ষাপ্রধান বা ডেপুটির সাথে কথা বলে অবিলম্বে ব্যবস্থা নেওয়া উচিত।

সমবয়সী দ্বারা লাঞ্ছনা (শিশুদের অন্য শিশুদের প্রতি)

46. **সকল** কর্মচারীদের সচেতন থাকা উচিত যে শিশুরাও অপর শিশুদের লাঞ্ছিত করতে পারে (এটিকে প্রায়ই সমবয়সী দ্বারা লাঞ্ছনা বলা হয়)। আর তা স্কুল বা কলেজ এবং অনলাইনের ভিতরে এবং বাইরে উভয় ক্ষেত্রেই ঘটতে পারে। সমবয়সীরা একে অন্যের প্রতি লাঞ্ছনাসূচক কিছু করলে সমস্ত কর্মীদের তার আভাস এবং লক্ষণ চিনতে হবে এবং কীভাবে চিনবেন আর কেউ রিপোর্ট করলে কি করণীয় তাও জেনে রাখা গুরুত্বপূর্ণ।
47. সমস্ত কর্মীদের বোঝা উচিত, তাদের স্কুল বা কলেজে কোন রিপোর্ট না থাকলেও এর মানে এই নয় যে তেমন কিছু ঘটছে না, হতে পারে যে তার রিপোর্ট করা হচ্ছে না। তাই শিশুদের প্রতি শিশুদের লাঞ্ছনার ব্যাপারে কর্মীদের **কোন** উদ্বেগ থাকলে তাদের মনোনীত সুরক্ষাপ্রধানের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

⁷ মহিলা যৌনাঙ্গ ছেদন আইন 2003 এর ধারা 5B(11)(a)-র অধীনে ইংল্যান্ডের ক্ষেত্রে "শিক্ষক" অর্থ, শিক্ষা আইন 2002 এর ধারা 141A(1) এর অধীনে থাকা ব্যক্তি (ইংল্যান্ডে স্কুলে এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলিতে শিক্ষণ কাজ চালিয়ে যাওয়ার কাজে নিয়োগ করা বা জড়িত ব্যক্তি)।

48. **সমস্তু** কর্মীকে শিশুদের পরস্পরের মধ্যে অনুপযুক্ত আচরণের গুরুত্ব অবশ্যই বুঝতে হবে, যার মধ্যে অনেকগুলি নিচে তালিকাভুক্ত করা হয়েছে যা সত্যিই লাঞ্ছনাকর। কিছু আচরণকে হালকাভাবে নেওয়া, যেমন যৌন হেনস্বাকে "কেবল ঠাট্টা", "একটু হাসাহাসি করা", "বড় হওয়ার সময় ওসব হয়" বা "ছেলেরা এসব করেই" বলে উড়িয়ে দিলে তার ফলে শিশুদের ক্ষেত্রে অযাচিত আচরণের অভ্যাস এবং অনিরাপদ পরিবেশ সৃষ্টি হতে পারে আর গুরুতর পরিস্থিতিতে, এমন এক সংস্কৃতি তৈরি করতে পারে যা হেনস্বাকে স্বাভাবিক দেখায়, যার ফলে শিশুরা একে স্বাভাবিক হিসাবে মেনে নিয়ে রিপোর্ট করতে এগিয়ে আসে না।

49. সমবয়সীদের একে অন্যের প্রতি লাঞ্ছনাসূচক কিছু করার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত তবে এর মধ্যে সীমিত নয়:

- শাসানি (যার মধ্যে সাইবার শাসানি, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক শাসানিও রয়েছে);
- সমবয়সীদের মধ্যে ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্কের অপব্যবহার;
- শারীরিক লাঞ্ছনা, যেমন মারা, লাথি মারা, বাঁকানো, কামড়ানো, চুল টানা, বা অন্যভাবে শারীরিক ক্ষতি করা (এতে অনলাইনেও কিছু করা হতে পারে যা শারীরিক নির্যাতনকে সহজ করে, এমন নির্যাতনের হুমকি দেয় এবং/অথবা উৎসাহিত করে);
- যৌন সহিংসতা,⁸ যেমন ধর্ষণ, কোনো কিছু ঢুকিয়ে নিপীড়ন এবং যৌন নিপীড়ন; (এতে অনলাইনেও কিছু করা হতে পারে যা শারীরিক নির্যাতনে সহায়ক, এমন নির্যাতনের হুমকি দেয় এবং/অথবা উৎসাহিত করে);
- যৌন হেনস্বা,⁹ যেমন যৌনরসাত্মক মন্তব্য, কটুক্তি, রসিকতা এবং অনলাইন যৌন হেনস্বা, যেগুলি স্বতন্ত্র হতে পারে অথবা কোনও বৃহত্তর নিগ্রহের ধাঁচের একটি অংশ;
- সন্মতি ছাড়া কাউকে যৌন কাজে লিপ্ত করা, যেমন কাপড় খুলতে বাধ্য করা, নিজেদের যৌন স্পর্শ করা বা তৃতীয় পক্ষের সাথে যৌন কাজে লিপ্ত হওয়া;
- সন্মতি নিয়ে বা ছাড়াই নগ্ন এবং অর্ধনগ্ন ছবি এবং/অথবা ভিডিও ভাগ করা¹⁰ (সেক্সটিং বা তরুণদের নির্মিত যৌন চিত্র হিসাবেও পরিচিত);
- আপস্কাটিং¹¹, যার মধ্যে সাধারণত জনেন্দ্রিয় বা নিতম্ব দেখার উদ্দেশ্যে, যৌন পরিতৃপ্তি লাভ করতে অথবা ভুক্তভোগী ব্যক্তিকে অপমানিত করা, মর্মসীড়া দেওয়া বা ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে কারও পোশাকের তলা দিয়ে তার অনুমতি না নিয়ে ছবি তোলা অন্তর্ভুক্ত এবং
- ইনিশিয়েশন/হেজিং টাইপের হিংসা এবং আচারবিধি (এতে হয়রানি, হেনস্বা বা অবমাননামূলক কোনো কিছু জড়িত থাকতে পারে যা কোনও ব্যক্তিকে কোনো গোষ্ঠীতে আনার উপায় হিসাবে ব্যবহৃত হয় এবং এতে অনলাইনের কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে)।

50. **সমস্তু** কর্মীদের শিশুদের প্রতি শিশুদের লাঞ্ছনার বিষয়ে স্কুল বা কলেজের নীতি এবং পদ্ধতির ব্যাপারে এবং এটি প্রতিরোধে তাদের যেভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে এবং যেখানেই তাদের মনে হবে যে কোনো শিশুর তেমন ঝুঁকি রয়েছে সেখানেই ব্যবস্থা নিতে হবে সে বিষয়ে, স্পষ্ট জানা থাকা উচিত।

⁸ যৌন নির্যাতন সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য পরিশিষ্ট দেখুন।

⁹ যৌন হয়রানি সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য পরিশিষ্ট দেখুন।

¹⁰ UKCIS নির্দেশিকা: [Sharing nudes and semi-nudes advice for education settings](#) (শিক্ষার সেটিংসে নগ্ন এবং অর্ধনগ্ন জিনিস ভাগ করা সম্পর্কে পরামর্শ)

¹¹ 'আপস্কাটিং' সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য পরিশিষ্ট দেখুন।

গুরুতর হিংসা

51. **সকল** কর্মীদেরই সেই সব লক্ষণ সম্বন্ধে সচেতন থাকা উচিত, যেগুলি নির্দেশ করে যে শিশুরা কোনও মারাত্মক অপরাধের সাথে যুক্ত অথবা তার শিকার হওয়ার ঝুঁকি আছে। সূচকগুলির মধ্যে থাকতে পারে ক্রমবর্ধমান স্কুল কামাই, বন্ধুবৃণ্ডের পরিবর্তন অথবা বেশী বয়েসের মানুষ বা গোষ্ঠীর সাথে সম্পর্ক, কর্মক্ষমতায় চোখে পড়ার মত অবনতি, নিজের ক্ষতিসাধন করার ইঙ্গিত অথবা শরীর-স্বাস্থ্যের নজরকাড়া পরিবর্তন, অথবা শরীরে অব্যাখ্যাত আঘাত বা জখমের চিহ্ন। অব্যাখ্যাত উপহার অথবা নতুন নতুন জিনিস রাখাও এই বিষয়ে দিকনির্দেশ করতে পারে যে শিশুদের সাথে এমন কিছু মানুষের যোগাযোগ হচ্ছে অথবা মেলামেশা হচ্ছে, যারা অপরাধ চক্র বা দলের সাথে যুক্ত এবং অপরাধমূলক শোষণের ঝুঁকি আছে (অনুচ্ছেদ 33-35 দেখুন)।

52. **সমস্ত** কর্মীদের এমনসব ঝুঁকির বিষয়ে সচেতন থাকা উচিত যা গুরুতর হিংসায় জড়িত হওয়ার সম্ভাবনা বাড়ায়, যেমন ছেলে হিসেবে, ঘন ঘন স্কুলে অনুপস্থিত থাকা বা চিরতরে বহিষ্কৃত হওয়া, শিশু নির্মাতনের শিকার হওয়া এবং চুরি বা ডাকাতির মত অপরাধমূলক কাজে জড়িত হওয়া ইত্যাদি। স্কুল ও কলেজগুলির জন্য উপদেশাবলি পাওয়া যাবে হোম অফিসের [Preventing youth violence and gang involvement](#) (যুব সম্প্রদায়ের মধ্যে হিংসা এবং দলগত হিংসা প্রতিরোধ) এবং এর [Criminal exploitation of children and vulnerable adults: county lines](#) (শিশুদের অপরাধমূলক শোষণ এবং অসুরক্ষিত প্রাপ্তবয়স্ক: কাউন্টি লাইন্স)-এর নির্দেশাবলীতে।¹²

অতিরিক্ত তথ্য ও সহায়তা

53. বিভাগীয় পরামর্শ [What to Do if You Are Worried a Child is Being Abused – Advice for Practitioners](#) (আপনি যদি চিন্তিত থাকেন যে কোনও শিশুকে লাঞ্ছনা করা হচ্ছে তাহলে কি করবেন – অনুশীলনকারীদের জন্য পরামর্শ)-তে লাঞ্ছনা এবং অবহেলা বোঝা ও শনাক্তকরণ সম্পর্কে আরও তথ্য আছে। লাঞ্ছনা ও উপেক্ষার সম্ভাব্য আভাসগুলির উদাহরণগুলি সমস্ত পরামর্শে হাইলাইট করা হয়েছে আর স্কুল এবং কলেজের কর্মীদের জন্য এটি বিশেষভাবে সহায়ক হবে। [NSPCC](#) ওয়েবসাইটে লাঞ্ছনা ও অবহেলা এবং কোন দিকে নজর রাখতে হবে সে বিষয়ে উপযোগী অতিরিক্ত তথ্য রয়েছে।

54. **পরিশিষ্ট**-তে নির্দিষ্ট ধরনের লাঞ্ছনা এবং সুরক্ষা ব্যবস্থার বিষয়গুলি সম্পর্কে অতিরিক্ত তথ্য রয়েছে। স্কুল এবং কলেজের নেতারা এবং যে সব কর্মীরা সরাসরি শিশুদের সাথে কাজ করেন, তাদের পরিশিষ্ট পড়া উচিত।

কোনও শিশুর সম্পর্কে উদ্বেগ থাকলে স্কুল এবং কলেজের কর্মীদের কি করা উচিত

55. সুরক্ষা ব্যবস্থার ক্ষেত্রে শিশুদের সাথে কাজ করছেন এমন কর্মীকে **‘এখানে তেমন ঘটতে পারে’** এমন মনোভাব রাখার পরামর্শ দেওয়া হয়। শিশুর কল্যাণের বিষয়ে উদ্বিগ্ন হলে, কর্মীদের সবসময় শিশুদের **সেবা** স্বার্থে কাজ করা উচিত।

56. কোনও শিশুর কল্যাণ সম্পর্কে কর্মীদের **কোন উদ্বেগ** থাকলে তাদের **অবিলম্বে** পদক্ষেপ নেওয়া উচিত। শিশু সম্পর্কে কর্মীদের উদ্বেগ থাকলে তখন তাদের কি করা উচিত তা জানতে 23 নম্বর পাতার ক্লো চার্ট দেখুন।

57. কর্মীদের কোনও উদ্বেগ থাকলে তাদের নিজস্ব সংস্থার শিশু সুরক্ষা নীতি অনুসরণ করা উচিত এবং মনোনীত সুরক্ষা প্রধানের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

58. তারপর বিকল্পগুলিতে থাকবে:

¹² কাউন্টি লাইন্স সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য পরিশিষ্ট দেখুন।

- স্কুল বা কলেজের নিজস্ব ব্যক্তিগত সহায়তা প্রদানের মাধ্যমে অভ্যন্তরীণভাবে শিশুকে সহায়তা দেওয়া;
- শীঘ্র সাহায্যের মূল্যায়ন করা;¹³ অথবা
- বিধিবদ্ধ পরিষেবাগুলির কাছে এইগুলির জন্য একটি রেফারেল করা,¹⁴ যেমন, শিশুর যা প্রয়োজন হতে পারে, প্রয়োজন আছে বা শিশু কোনও কিছুতে ভুগছে বা ভোগার সম্ভাবনা রয়েছে।

59. মনোনীত সুরক্ষা প্রধানের বা ডেপুটির সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত আলোচনা করার জন্য সবসময় উপলভ্য থাকা উচিত। ব্যতিক্রমী পরিস্থিতিতে, মনোনীত সুরক্ষা প্রধানকে (বা ডেপুটিকে) পাওয়া না গেলে, তার জেরে যথাযথ পদক্ষেপ নিতে দেরি করা উচিত নয়। কর্মীদের উর্ধ্বতন নেতৃ দলের সদস্যের সাথে কথা বলা উচিত এবং/অথবা স্থানীয় শিশুদের সোশাল কেয়ারের পরামর্শ নেওয়া উচিত। এই রকম পরিস্থিতিতে, নেওয়া যে কোন পদক্ষেপ বাস্তবত যতটা তাড়াতাড়ি সম্ভব মনোনীত সুরক্ষা প্রধানকে (বা ডেপুটিকে) জানানো উচিত।

60. কোনও কর্মীর মনে করা উচিত না যে সহকর্মী বা অন্য কোন পেশাদার পদক্ষেপ নেবে এবং শিশুকে সুরক্ষিত রাখতে গুরুত্বপূর্ণ হতে পারে এমন তথ্য তাদের সাথে ভাগ করা উচিত। তাদের মনে রাখা উচিত যে যথাশীঘ্র তথ্য জানানো কার্যকর শনাক্তকরণ, মূল্যায়ন এবং যথাযথ পরিষেবা বরাদ্দ করে দেওয়ার জন্য অপরিহার্য, তাতে এই সমস্যাগুলি যখন প্রথম দেখা দেয় তখন হোক বা ইতিমধ্যেই শিশুর স্থানীয় সোশ্যাল কেয়ার কর্তৃপক্ষ শিশুকে চেনে যাই হোক না কেন (যেমন অভাবগ্রস্ত বা সুরক্ষা পরিকল্পনাপ্রাপ্ত কোনো শিশু)। [Information Sharing \(তথ্য ভাগ করে নেওয়া\): Advice for Practitioners Providing Safeguarding Services to Children, Young People, Parents and Carers \(শিশু, তরুণ, মা-বাবা এবং পরিচর্যাকারীদের সুরক্ষা ব্যবস্থার পরিষেবা সরবরাহকারী অনুশীলনকারীদের জন্য পরামর্শ\)](#) এমন কর্মীদের সমর্থন করে যাদের তথ্য ভাগ করার বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়। ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018 (DPA) এবং UK জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (UK GDPR) সম্পর্কিত তথ্য এবং বিবেচনার ভিত্তিতে এই পরামর্শে সাতটি সুবর্ণ নিয়ম রাখা হয়েছে। DPA এবং UK GDPR শিশুদের নিরাপদ রাখা এবং তাদের কল্যাণার্থে তথ্য ভাগ করায় বাধা দেয় না। তথ্য জানানোর বিষয়ে কোনও সন্দেহ থাকলে কর্মীর মনোনীত সুরক্ষা প্রধান বা ডেপুটির সাথে কথা বলা উচিত। তথ্য জানানোর বিষয়ে আশঙ্কা যেন শিশুদের কল্যাণ রক্ষা এবং নিরাপদ রাখার প্রয়োজনীয়তার পথে অবশ্যই বাঁধা হয়ে **না** দাঁড়ায়।

শীঘ্র সাহায্য

61. শীঘ্র সাহায্য যথাযথ হলে মনোনীত সুরক্ষা প্রধান (বা ডেপুটি) সাধারণত অন্যান্য সংস্থার সাথে সংযোগ স্থাপনে এবং দরকার মত আন্তঃসংস্থার মূল্যায়ন করবেন। শীঘ্র সাহায্য মূল্যায়নে, কিছু

¹³ শীঘ্র সাহায্যের মূল্যায়ন, শীঘ্র সাহায্যের পরিষেবাগুলির দিকসমূহ এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার বিষয়ে আরও তথ্য [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#)-র অধ্যায় 1-এ রয়েছে।

¹⁴ [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#)-র অধ্যায় 1-এ বলা হয়েছে যে সুরক্ষাব্যবস্থার অংশীদারদের একটি গ্লোবাল নথি প্রকাশ করা উচিত যাতে চাহিদা সহ মাপদণ্ড থাকবে, ধারা 17 এবং 47 অনুসারে স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সোশাল কেয়ার বিভাগে মূল্যায়ন এবং বিধিবদ্ধ পরিষেবাগুলির জন্য কখন কেস রেফার করা যাবে, সেসব উল্লেখ করা উচিত। স্থানীয় কর্তৃপক্ষের, সহযোগীদের সাথে, মূল্যায়নের স্থানীয় প্রোটোকলের বিকাশ এবং প্রকাশ করা উচিত। স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সোশাল কেয়ারে থাকা কেসগুলি কিভাবে পরিচালিত হবে তার সুস্পষ্ট ব্যবস্থা একটি স্থানীয় প্রোটোকলে করা উচিত।

ক্ষেত্রে প্রধান অনুশীলনকারী হিসাবে কাজ করে, কর্মীদের হয়ত অন্য এজেন্সি এবং পেশাদারদের সহায়তা করতে হতে পারে। শিশুদের অবস্থার উন্নতি না হলে বা খারাপ হচ্ছে বলে মনে হলে শিশুদের সোশাল কেয়ারের রেফারেলের জন্য দেওয়া এই ধরনের যে কোনও কেস পরিষেবাগুলির মূল্যায়নের উদ্দেশ্যে নিয়মিত পর্যালোচনা এবং বিবেচনার অধীনে রাখা উচিত।

শিশুদের বিধিবদ্ধ সোশাল কেয়ারের মূল্যায়ন এবং পরিষেবা

62. স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সোশ্যাল কেয়ার বিভাগে শিশুকল্যাণ সম্পর্কে কোনও চিন্তা থাকলে জানানো উচিত। যখন কোনও শিশু ভোগে, বা ভোগার সম্ভাবনা বেশি থাকে, তখন শিশুদের সোশাল কেয়ারে অবিলম্বে তা (এবং উপযুক্ত হলে পুলিশকেও) জানানো গুরুত্বপূর্ণ। রেফারেলের ক্ষেত্রে স্থানীয় রেফারেল প্রক্রিয়া অনুসরণ করা উচিত।

63. শিশুদের সোশাল কেয়ার মূল্যায়নে বাড়ির বাইরে শিশুদের ক্ষতি করা হচ্ছে কিনা সেসব বিবেচনা করা উচিত আর তাই স্কুল এবং কলেজগুলির, রেফারেল প্রক্রিয়ার অংশ হিসেবে, যত বেশি সম্ভব তথ্য দেওয়া উচিত। এতে যে কোনও মূল্যায়নে সমস্ত উপলভ্য সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করার সুযোগ থাকবে এবং এই ধরনের ক্ষতির মোকাবিলায় প্রাসঙ্গিক পদ্ধতি গ্রহণের যোগ্য থাকবে। এখানে অতিরিক্ত তথ্য পাবেন: [Contextual Safeguarding \(প্রাসঙ্গিক সুরক্ষা ব্যবস্থা\)](#)।

64. [Report Child Abuse to Your Local Council \(আপনার স্থানীয় কাউন্সিলে শিশু নির্যাতনের রিপোর্ট করুন\)](#) – অনলাইন টুল প্রাসঙ্গিক শিশুদের সোশাল কেয়ারের স্থানীয় বিভাগের নম্বরের সাথে যোগাযোগ করিয়ে দেয়।

অসহায় শিশু

65. চিলড্রেন অ্যাক্ট 1989 এর অধীনে যে শিশুর স্বাস্থ্যের বা বিকাশের ক্ষেত্রে যুক্তিসঙ্গত স্তরে পৌঁছানোর বা ঐ স্তর বজায় রাখার সম্ভাবনা কম অথবা পরিষেবাগুলি না পেলে যে শিশুর স্বাস্থ্য ও বিকাশ যথেষ্ট বা আরও ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে; বা যে শিশু বিকলাঙ্গ তাকে অসহায় শিশু বলে। স্থানীয় কর্তৃপক্ষকে অসহায় শিশুদের সুরক্ষা ব্যবস্থায় এবং তাদের কল্যাণ রক্ষার্থে ঐ শিশুদের পরিষেবা প্রদান করতে হয়ে। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে অসহায় শিশুর মূল্যায়ন করা যেতে পারে।

যে সব শিশুরা ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে:

66. দরকার মত, অন্যান্য সংস্থার সাহায্যে চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে স্থানীয় কর্তৃপক্ষের অনুসন্ধান করার দায়িত্ব রয়েছে, যদি কোনও শিশুর গুরুতর ক্ষতি হয়েছে অথবা ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে বলে মনে হওয়ার যুক্তিসঙ্গত কারণ তাদের কাছে থাকে। এই ধরনের জিজ্ঞাসাবাদ তাদের এই সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে দুর্ব্যবহার নিয়ে কোও চিন্তা থাকলে তাদের শিশুর কল্যাণ এবং শিশুদের সুরক্ষিত রাখতে কোনও পদক্ষেপ নেওয়া উচিত কিনা। এর মধ্যে রয়েছে সব ধরনের হেনস্থা এবং অবহেলা, নারী যৌনাঙ্গচ্ছেদ ব অন্যান্য তথাকথিত 'সম্মান' ভিত্তিক হেনস্থা, জোরপূর্বক বিবাহ এবং উগ্রবাদ ও যৌন শোষণের মত অপারিবারিক ক্ষতি।

স্থানীয় কর্তৃপক্ষ কি করবে?

67. রেফারেল করার একদিনের মধ্যে, স্থানীয় কর্তৃপক্ষের একজন সমাজকর্মীকে রেফারারের কাছে সেই প্রাপ্তি স্বীকার করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ ও প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ধরন সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে। এ ক্ষেত্রে নির্ধারণ করা হবে যে:

- শিশুর ক্ষেত্রে অবিলম্বে সুরক্ষা এবং জরুরি পদক্ষেপ প্রয়োজন কিনা;

- শিশু এবং পরিবারের কোনও পরিষেবা এবং কি ধরনের পরিষেবা প্রয়োজন;
- শিশুটি অসহায় কিনা, এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে তার মূল্যায়ন করা উচিত কিনা; [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) এর প্রথম অধ্যায়ে মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ দেওয়া আছে।
- শিশুটি ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে বলে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ রয়েছে কিনা তা অনুসন্ধান করা উচিত কিনা এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে তার মূল্যায়ন করা হবে কিনা; [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) এর প্রথম অধ্যায়ে মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ দেওয়া আছে; এবং
- স্থানীয় কর্তৃপক্ষকে আর কোন পদক্ষেপ নিতে হবে তা নির্ধারণে সাহায্য করতে আরও বিশেষজ্ঞ মূল্যায়ন করতে হবে কিনা।

68. এই তথ্য সহজে না পাওয়া গেলে রেফারারের খোঁজ নিয়ে দেখা উচিত।

69. সমাজকর্মীরা একটি বিধিবদ্ধ মূল্যায়ন করার সিদ্ধান্ত নিলে সেই মূল্যায়নে সহায়তা করার জন্য কর্মীদের যতদূর সম্ভব সবই করা উচিত (দরকার মত মনোনীত সুরক্ষা প্রধানের (বা ডেপুটির) সহায়তায়)।

70. রেফারেলের পরে শিশুর অবস্থার উন্নতি হয়নি বলে মনে হলে রেফারারের স্থানীয় স্তরে তৎপরতা বাড়ানোর পদ্ধতি অনুসরণ করা উচিত যাতে তাদের উদ্বেগগুলির বিষয়ে ব্যবস্থা নেওয়া হয় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, যাতে শিশুটির পরিস্থিতির উন্নতি হয়।

রেকর্ড রাখা

71. সমস্ত উদ্বেগ, আলোচনা এবং নেওয়া সিদ্ধান্তগুলি এবং সেই সিদ্ধান্তগুলির কারণসমূহের লিখিত রেকর্ড থাকা উচিত। তথ্য গোপন রাখা এবং নিরাপদে সংরক্ষণ করা উচিত। প্রত্যেক শিশুর জন্য পৃথক শিশু সুরক্ষা ফাইলে উদ্বেগ এবং রেফারেল রাখলে ভাল হয়।

রেকর্ডে অন্তর্ভুক্ত করা উচিত:

- সব উদ্বেগের পরিষ্কার এবং সম্যক সারসংক্ষেপ;
- এই উদ্বেগগুলির জন্য নেওয়া ব্যবস্থা এবং গৃহীত সমাধানের বিবরণ;
- গৃহীত পদক্ষেপ, সিদ্ধান্ত এবং পরিণতির বর্ণনা।

72. রেকর্ড করার প্রয়োজনীয়তা সম্পর্কে সন্দেহ থাকলে কর্মীদের মনোনীত সুরক্ষা প্রধানের (বা ডেপুটির) সাথে আলোচনা করা উচিত।

এসব কেন গুরুত্বপূর্ণ?

73. সুক্ষ্মরাজনিত ঝুঁকি সামলাতে এবং সমস্যাগুলি যাতে না বাড়ে তার জন্য এবং শিশুদের ভাল থাকা নিশ্চিত করতে সঠিক সময়ে শিশুদের সঠিক সাহায্য পাওয়া দরকার। গবেষণা এবং গুরুতর কেসগুলির পর্যালোচনায় বারবার কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ার বিপদগুলি দেখিয়েছে।¹⁵ গুরুতর কেস পর্যালোচনা সম্পর্কে আরও তথ্য [Working Together to Safeguard Children](#)

¹⁵ গুরুতর কেসের পর্যালোচনাগুলির বিশ্লেষণ gov.uk/government/publications/analysis-of-serious-case-reviews-2014-to-2017-তে রয়েছে।

(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা) এর চতুর্থ অধ্যায়ে রয়েছে। ব্যর্থতার উদাহরণগুলির মধ্যে রয়েছে:

- লাঞ্ছনা এবং অবহেলার প্রারম্ভিক লক্ষণে পদক্ষেপ নিতে ও রেফার করতে ব্যর্থ হওয়া;
- ভাল করে রেকর্ড না রাখা;
- শিশুর মতামতে কান না দেওয়া;
- পরিস্থিতির উন্নতি না হলে উদ্বেগ পুনরায় মূল্যায়ন করতে ব্যর্থ হওয়া;
- এজেন্সিদের নিজের এবং পরস্পরের মধ্যে সঠিক ব্যক্তিদের তথ্য না জানানো;
- খুব ধীরে ধীরে তথ্য ভাগ করা; এবং
- যারা পদক্ষেপ নিচ্ছে না বলে মনে হয় তাদেরকে প্রশ্ন না করা।

স্কুল এবং কলেজের কর্মীদের অন্য কর্মীসদস্যের সুরক্ষা সম্পর্কে উদ্বেগ থাকলে কি করা উচিত

74. স্কুল এবং কলেজগুলিতে কর্মীসদস্যদের (সরবরাহ কর্মী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) যে কোনও সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ পরিচালনার প্রক্রিয়া এবং পদ্ধতি থাকা উচিত। কর্মীদের সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত উদ্বেগ থাকলে বা শিশুদের ক্ষতি করার ঝুঁকি সৃষ্টি করে এমন অন্য কর্মী সদস্য (সরবরাহ কর্মী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) সম্পর্কে অভিযোগ করা হলে, তখন:

- তা প্রধানশিক্ষক বা অধ্যক্ষকে জানানো উচিত;
- যেখানে প্রধানশিক্ষক বা অধ্যক্ষ সম্পর্কে উদ্বেগ/অভিযোগ রয়েছে, সেখানে গভর্নরদের চেয়ারপার্সন, ব্যবস্থাপনা কমিটির চেয়ারপার্সন বা কোনও স্বাধীন স্কুলের মালিককে জানানো উচিত; এবং
- প্রধান শিক্ষক সম্পর্কে উদ্বেগ/অভিযোগ থাকলে, সেই প্রধান শিক্ষক স্বাধীন স্কুলের একমাত্র মালিক হলে অথবা এমন পরিস্থিতি থাকলে যেখানে প্রধান শিক্ষকের কাছে বিষয়টি জানাতে গেলে স্বার্থদ্বন্দ্ব থাকতে পারে, সে ক্ষেত্রে সরাসরি স্থানীয় কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তাদের (LADOs) জানানো উচিত। আপনার স্থানীয় LADO'র বিবরণ আপনার স্থানীয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে সহজেই পাওয়া উচিত।

এই নির্দেশিকার চতুর্থ ভাগে আরও বিশদ দেওয়া আছে।

স্কুল বা কলেজের মধ্যে সুরক্ষা ব্যবস্থার বিষয়ে উদ্বেগ থাকলে স্কুল বা কলেজের কর্মীদের কি করা উচিত

75. সমস্ত কর্মী এবং স্বেচ্ছাসেবকদেরকে খারাপ বা অনিরাপদ যে কোনও বিষয়ে এবং স্কুল বা কলেজের সুরক্ষা ব্যবস্থার ক্ষেত্রে সম্ভাব্য ব্যর্থতার বিষয়ে উদ্বেগ জানাতে পারা উচিত এবং এও জেনে রাখা উচিত যে এই ধরনের উদ্বেগগুলি উর্ধ্বতন নেতৃত্ব দল গুরুত্ব সহকারে দেখবেন।


76. এই উদ্বেগগুলি স্কুল বা কলেজের সিনিয়র দলীয় নেতৃত্বকে জানানোর জন্য যথাযথ হইসেলব্লোয়িং পদ্ধতি থাকা উচিত।

77. যেখানে একজন কর্মী সদস্য তাদের নিয়োগকর্তার কাছে কোনও সমস্যা জানাতে দ্বিধা বোধ করেন অথবা মনে করেন যে তাদের প্রকৃত উদ্বেগগুলির সমাধান করা হচ্ছে না, সেখানে হইসেলব্লোয়িংয়ের অন্য দরজা তাদের কাছে খোলা রয়েছে:

- হইসেলব্লোয়িংয়ের উপর সাধারণ নির্দেশিকা এখানে রয়েছে: [Advice on Whistleblowing \(হইসেলব্লোয়িং সংক্রান্ত পরামর্শ\)](#)।
- [NSPCC's what you can do to report abuse \(NSPCC লাঞ্চার রিপোর্ট করতে আপনি কি করতে পারেন\)](#) বিশেষ হেল্পলাইন এক বিকল্প উপায়, যারা শিশু সুরক্ষার ব্যর্থতার বিষয়ে থাকা উদ্বেগ প্রতিষ্ঠানমধ্যে প্রকাশ করতে পারছেন ন না বলে মনে করেন অথবা তাদের স্কুল বা কলেজ উদ্বেগ যেভাবে সামলায় সে বিষয়ে উদ্বেগ রয়েছে, তাদের জন্য। কর্মীরা 0800 028 0285 নম্বরে কল করতে পারেন - লাইনটি সোমবার থেকে শুক্রবার সকাল 8:00 থেকে রাত 8.00 পর্যন্ত উপলভ্য এবং ইমেল করতে পারেন: help@nspcc.org.uk.¹⁶

¹⁶ এছাড়া, কর্মীরা এখানেও লিখতে পারেন: ন্যাশনাল সোসাইটি ফর দ্য প্রিভেনশন অফ ক্রুয়েল্টি টু চিলড্রেন (NSPCC), ওয়েস্টন হাউস, 42 কার্টেন, রোড, লন্ডন EC2A 3NH.

কোনও শিশু সম্পর্কে উদ্বেগ থাকলে যা করা উচিত



^১ সদস্যকর্মীর বিরুদ্ধে লাঞ্চার কোনও অভিযোগ বা উদ্বেগ সংক্রান্ত কিছু থাকলে এই নির্দেশিকার চতুর্থ ভাগ দেখুন।

^২ শীঘ্র সাহায্য মানে শিশুদের জীবনে যে কোনও সময়ে সমস্যার সম্মুখীন হওয়া মাত্র সহায়তা প্রদান করা। যেখানে একটি শিশু সমন্বিত শীঘ্র সাহায্য থেকে উপকৃত হবে, সেখানে শীঘ্র সাহায্য আন্তঃসংস্থার মূল্যায়নের ব্যবস্থা করা উচিত। [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#)-র প্রথম অধ্যায়ে শীঘ্র সাহায্যের বিস্তারিত নির্দেশ দেওয়া আছে।

^৩ রেফারেলে স্থানীয় থ্রেশহোল্ড নথিতে এবং মূল্যায়নের জন্য স্থানীয় প্রোটোকলে লিপিবদ্ধ প্রক্রিয়া অনুসরণ করা উচিত। [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#) এর প্রথম অধ্যায়।

^৪ চিলড্রেন অ্যাক্ট 1989 এর অধীনে, স্থানীয় কর্তৃপক্ষ অসহায় শিশুদের কল্যাণ রক্ষার্থে ও উন্নতির জন্য তাদের পরিষেবা দিতে বাধ্য। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে অসহায় শিশুর মূল্যায়ন করা যেতে পারে। চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে, কোনও শিশু ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা রয়েছে সে বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের সন্দেহ থাকার যুক্তিসংগত কারণ থাকলে শিশুদের কল্যাণ রক্ষার্থে ও উন্নতির জন্য পদক্ষেপ নিতে হবে কিনা তা নির্ধারণ করতে অনুসন্ধান করা তাদের কর্তব্য। পূর্ণ বিবরণ [Working Together to Safeguard Children \(শিশুদের সুরক্ষার জন্য একসাথে কাজ করা\)](#)-র প্রথম অধ্যায়ে আছে।

^৫ এতে এমার্জেন্সি প্রোটেকশন অর্ডার অর্থাৎ জরুরি সুরক্ষা আদেশের (EPO) জন্য আবেদনও অন্তর্ভুক্ত থাকতে পারে।